**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১০৬/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ২৯ নভেম্বর ২০১৭, ১৫ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জনগণের কল্যাণকে অগ্রাধিকার দিতে দূতদের প্রতি রাষ্ট্রপতির আহ্বান

২। ভাসানচরে এক লাখ রোহিঙ্গার জন্য ২৩১২ কোটি টাকার প্রকল্প একনেকে অনুমোদন

৩। ফিলিস্তিনিদের আত্মনিয়ন্ত্রণাধিকারের প্রতি প্রধানমন্ত্রীর অঙ্গীকার পুনর্ব্যক্ত

৪। দূত সম্মেলন শেষ : রোহিঙ্গাদের ফেরত পাঠাতে চুক্তি বাস্তবায়নের আশাবাদ

৫। প্রতিটি দেশের জন্য বাংলাদেশে স্পেশাল ইকোনমিক জোন হবে : বাণিজ্যমন্ত্রী

৬। চাঁপাইনবাবগঞ্জের জঙ্গি আস্তানায় র‌্যাবের অভিযান : বিস্ফোরণে নিহত ৩

৭। টেকসই উন্নয়নে জনগণ ও গণমাধ্যমের সম্পৃক্ততার বিকল্প নেই : তথ্যমন্ত্রী

৮। আগামী ৬-৯ ডিসেম্বর ডিজিটাল ওয়ার্ল্ড মেলা : তথ্য অধিদফতরে সংবাদ সম্মেলন

৯। পোশাক শ্রমিকদের মজুরি পর্যালোচনা করা হবে : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী

১০। ডলারের দর গোপন করায় ২০ ব্যাংককে শোকজ করেছে বাংলাদেশ ব্যাংক

১১। পুনরায় টেকনাফ-মংডু সীমান্ত বাণিজ্য শুরু

১২। ৩৭তম বিসিএস মৌখিক পরীক্ষা আজ শুরু

চলমান পাতা-২

**১। জনগণের কল্যাণকে অগ্রাধিকার দিতে দূতদের প্রতি রাষ্ট্রপতির আহ্বান**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ মহান মুক্তিযুদ্ধ ও দেশপ্রেমের চেতনায় উদ্বুদ্ধ হয়ে পুরোপুরি পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করতে কূটনীতিকদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, কূটনীতিকরা হবেন দেশ ও জনগণের আদর্শ। দূত সম্মেলনের সমাপ্তির পর গতকাল (২৮ নভেম্বর মঙ্গলবার) বঙ্গভবনে কূটনীতিকদের উদ্দেশ্যে ভাষণে রাষ্ট্রপতি বলেন, আপনারা বিশ্বের যে প্রান্তেই থাকুন আপনাদের কর্ম ও চিন্তায় এ দেশের জনগণের কল্যাণকেই অগ্রাধিকার দেবেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.৫,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৩)।

**২। ভাসানচরে এক লাখ রোহিঙ্গার জন্য ২৩১২ কোটি টাকার প্রকল্প একনেকে অনুমোদন**

নোয়াখালীর হাতিয়া থানার চরঈশ্বর ইউনিয়নের ভাসানচরে মিয়ানমার থেকে আসা এক লাখ রোহিঙ্গার পুনর্বাসনে ২ হাজার ৩১২ কোটি টাকার প্রকল্পসহ মোট ১৪টি প্রকল্পের অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে এ প্রকল্প বাস্তবায়ন করবে বাংলাদেশ নৌবাহিনী। গতকাল (২৮ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেক সভায় এসব প্রকল্প অনুমোদন দেওয়া হয়। একনেকে অনুমোদিত অন্য প্রকল্পগুলোর মধ্যে আছে বিদ্যুৎ বিতরণব্যবস্থা উন্নয়ন, ময়মনসিংহ জোন, মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন, আজিমপুর সরকারি কলোনিতে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য বহুতল আবাসিক ফ্ল্যাট নির্মাণ, জিগাতলায় সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য ২৮৮টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রভৃতি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৩। ফিলিস্তিনিদের আত্মনিয়ন্ত্রণাধিকারের প্রতি প্রধানমন্ত্রীর অঙ্গীকার পুনর্ব্যক্ত**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফিলিস্তিনি জনগণের শান্তি, স্থিতিশীলতা ও ন্যায়বিচারের জন্য অবিচ্ছেদ্য আত্মনিয়ন্ত্রণাধিকারের প্রতি বাংলাদেশের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৮ নভেম্বর মঙ্গলবার) আন্তর্জাতিক ফিলিস্তিনি সংহতি দিবস উপলক্ষে এক বাণীতে এ অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৮)।

**৪। দূত সম্মেলন শেষ : রোহিঙ্গাদের ফেরত পাঠাতে চুক্তি বাস্তবায়নের আশাবাদ**

রোহিঙ্গাদের ফেরত পাঠাতে বাংলাদেশ-মিয়ানমার চুক্তি বাস্তবায়নের প্রত্যাশা করেছেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। গতকাল (২৮ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর সোনারগাঁও হোটেলে দূত সম্মেলনশেষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। এদিকে গতকাল দূত সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, আগামী জাতীয় নির্বাচন সামনে রেখে নির্বাচনি প্রক্রিয়ায় এমনভাবে সংস্কার আনা হবে, যেখানে কোনো অনিয়মের সুযোগ থাকবে না। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেন, বিদেশের বিভিন্ন মিশনে বাণিজ্য উইং রয়েছে। তারা বিভিন্ন দেশের সঙ্গে বাণিজ্য বাড়ানোর জন্য কাজ করছে। তাই এসব বাণিজ্য উইংকে সহযোগিতার জন্য রাষ্ট্রদূতদের প্রতি আহ্বান জানান বাণিজ্যমন্ত্রী। তিনি বাংলাদেশের পণ্যের বাজার সম্প্রসারণ ও পণ্য বহুমুখীকরণে রাষ্ট্রদূতদের প্রতি আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৫। প্রতিটি দেশের জন্য বাংলাদেশে স্পেশাল ইকোনমিক জোন হবে : বাণিজ্যমন্ত্রী**

বাংলাদেশে প্রতিটি দেশের জন্য আলাদা স্পেশাল ইকোনমিক জোন গড়ে তোলা হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী দেশের বিভিন্ন অঞ্চলে ১০০টি স্পেশাল ইকোনমিক জোন গড়ে তোলা হচ্ছে। ইতোমধ্যে বিশ্বের অনেক দেশের বিনিয়োগকারী এখানে বিনিয়োগ করতে এগিয়ে এসেছেন। সম্প্রতি পশ্চিমবঙ্গ সরকার ও ইন্ডিয়ান চেম্বার অভ্ কমার্সের সহযোগিতায় কলকাতায়

ওয়েস্টিন হোটেলে হোরাসিস কর্তৃক আয়োজিত হোরাসিস এশিয়া মিটিংয়ে প্রধান অতিথির বক্তব্যে তোফায়েল আহমেদ এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৪)।



**৬। চাঁপাইনবাবগঞ্জের জঙ্গি আস্তানায় র‍্যাবের অভিযান : বিস্ফোরণে নিহত ৩**

জঙ্গিবিরোধী অভিযানের ধারাবাহিকতায় এবার রাজশাহীর চাঁপাইনবাবগঞ্জের দুর্গম চরে সন্ধান মিলল জঙ্গি আস্তানা ও প্রশিক্ষণকেন্দ্রের। গোয়েন্দা তথ্যের ভিত্তিতে গত ২৭ নভেম্বর সোমবার রাতে ঐ প্রশিক্ষণ আস্তানা ঘেরাওয়ের পর অভিযান চালালে জঙ্গিদের হামলার মুখে পাল্টা গুলি চালায় র‍্যাব। অভিযানের এক পর্যায়ে আস্তানায় আগুন ধরিয়ে দিয়ে আত্মঘাতী বিস্ফোরণ ঘটিয়ে আত্মহনন করে জঙ্গিরা। অভিযানশেষে ৩ জনের দেহাবশেষ পাওয়ার কথা জানিয়েছে র‍্যাব। পুড়ে যাওয়া ধ্বংসাবশেষ থেকে দুটি পিস্তল, দুটি ম্যাগাজিন, তিনটি ইম্প্রভাইজড এক্সপ্লোসিভ ডিভাইস, ১২টি পাওয়ার জেলসহ শক্তিশালী বিস্ফোরক উদ্ধার করেছে র‍্যাবের বোম ডিস্পোজাল ইউনিট। অভিযানের বিষয়ে গতকাল (২৮ নভেম্বর মঙ্গলবার) এক অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে র‍্যাব এ অভিযান চালিয়েছে। যতদিন জঙ্গি থাকবে ততদিন ধরে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। যেখানেই জঙ্গির খোঁজ মিলবে সেখানেই সঙ্গে সঙ্গে অভিযান চালানো হবে। সূত্র-**নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৪) **অবজারভার** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)। **সংবাদ, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। টেকসই উন্নয়নে জনগণ ও গণমাধ্যমের সম্পৃক্ততার বিকল্প নেই : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, টেকসই উন্নয়ন অর্জনে জনগণ ও গণমাধ্যমের সম্পৃক্ততার বিকল্প নেই। ২০৩০ সালের মধ্যে তা অর্জনে সংবিধান, প্রধানমন্ত্রীর দশ উদ্যোগ ও ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এ তিনের সমন্বয় সাধন করতে হবে। গণমাধ্যমের মাধ্যমে এ কাজের অগ্রযাত্রা তুলে ধরতে হবে জনগণের কাছে। গতকাল (২৮ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর কাকরাইলে বাংলাদেশ প্রেস ইন্সটিটিউট মিলনায়তনে তথ্য মন্ত্রণালয় আয়োজিত টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন কর্মপরিকল্পনা অবহিতকরণ কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। প্রধান তথ্য অফিসারসহ তথ্য মন্ত্রণালয়ের অধীন সব সংস্থার প্রধানগণ ও প্রতিনিধিরা কর্মশালায় অংশ নেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৯,ক.৪), **নয়াদিগন্ত** (পৃ.১৫,ক.১)।

**৮। আগামী ৬-৯ ডিসেম্বর ডিজিটাল ওয়ার্ল্ড মেলা : তথ্য অধিদফতরে সংবাদ সম্মেলন**

আগামী ৬-৯ ডিসেম্বর রাজধানীর আগারগাঁওয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হতে যাচ্ছে ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭ মেলা। গতকাল (২৮ নভেম্বর মঙ্গলবার) বাংলাদেশ সচিবালয়ে তথ্য অধিদফতরের সম্মেলনকক্ষে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ আয়োজিত সংবাদ সম্মেলনে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু প্রধান অতিথি হিসেবে তাঁর বক্তব্যে 'ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭'র এবারের প্রতিপাদ্য 'রেডি ফর টুমরো' বা 'আগামীর জন্য প্রস্তুত' বিষয়ে আলোকপাত করে বলেন, বাংলাদেশ আগামী দিনের চতুর্থ শিল্প বিপ্লবের জন্য প্রস্তুত হচ্ছে। আর সে তথ্যই জনগণের সামনে তুলে ধরতে এ আয়োজন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭ কেবল একটা ইভেন্ট নয়, বরং বিনিয়োগ, বিনিয়োগকারী, উদ্যোক্তা, শিল্প নেতৃবৃন্দ এবং দেশের আইটি-কর্মীবৃন্দকে সংযুক্ত করার একটা সুন্দর উপলক্ষ। অনুষ্ঠানে প্রধান তথ্য অফিসার কামরুন নাহার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব সুবীর কিশোর চৌধুরী, বেসিস সভাপতি মোস্তফা জব্বার প্রমুখ এসময় তাদের বক্তব্যে মেলার সার্থকতায় গণমাধ্যমের সহায়তা চান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.১) **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

**৯। পোশাক শ্রমিকদের মজুরি পর্যালোচনা করা হবে : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী**

তৈরিপোশাকখাতের শ্রমিকদের ন্যূনতম মজুরি পর্যালোচনা করা হবে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু। 'গার্মেন্টসশিল্পে লিঙ্গভিত্তিক সহিংসতা বন্ধে একটি উদ্যোগ' নামে এক কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে গতকাল (২৮ নভেম্বর মঙ্গলবার) এ কথা বলেন তিনি। রাজধানীর গুলশানে স্পেক্ট্রা কনভেনশন

সেন্টারে উদ্‌বোধন অনুষ্ঠানে পোশাকখাতের কর্মপরিবেশের উন্নয়নেরও প্রশংসা করেন তিনি। শ্রম প্রতিমন্ত্রী বলেন, নারীর প্রতি সহিংসতা বন্ধে মালিক-শ্রমিকসহ সবার মানসিকতায় ইতিবাচক পরিবর্তন আনতে হবে। ইতোমধ্যে পোশাকখাতে কর্মপরিবেশের উন্নয়নের সঙ্গে সঙ্গে নারীর প্রতি সহিংসতার মাত্রা কমে এসেছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১)।



**১০। ডলারের দর গোপন করায় ২০ ব্যাংককে শোকজ করেছে বাংলাদেশ ব্যাংক**

দর বৃদ্ধির সুযোগ নিয়ে আমদানি পর্যায়ে বেশি দামে ডলার বিক্রি করেছে ২০ ব্যাংক। আমদানিকারকদের থেকে যে দাম নেওয়া হয়েছে, বাংলাদেশ ব্যাংককে দেখানো হয়েছে তার চেয়ে কম। এভাবে প্রকৃত দর গোপন করে মিথ্যা তথ্য দেওয়ায় কেন তাদের জরিমানা করা হবে না, তা জানতে চেয়ে এসব ব্যাংককে শোকজ করেছে বাংলাদেশ ব্যাংক। গতকাল (২৮ নভেম্বর মঙ্গলবার) পাঠানো নোটিশের জবাব দিতে হবে আগামী তিন দিনের মধ্যে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬)।

**১১। পুনরায় টেকনাফ-মংডু সীমান্ত বাণিজ্য শুরু**

মাস খানেক অচলাবস্থার পর গতি ফিরে পেয়েছে টেকনাফ-মংডু সীমান্ত বাণিজ্য। অক্টোবরে এক মাসেই টেকনাফ স্থলবন্দর কাস্টমস রাজস্ব আয় করেছে ৯ কোটি ৫৫ লাখ ৯১ হাজার ৮৯৪ টাকা। যা জাতীয় রাজস্ব বোর্ডের নির্ধারিত মাসিক লক্ষ্যমাত্রার চেয়ে ২ কোটি ৪১ লাখ ৯১ হাজার ৮৯৪ টাকা বেশি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২)।

**১২। ৩৭তম বিসিএস মৌখিক পরীক্ষা আজ শুরু**

৩৭তম বিসিএসের মৌখিক পরীক্ষা আজ (২৯ নভেম্বর বুধবার) থেকে শুরু হচ্ছে। প্রতিদিন সকাল সাড়ে ১০টায় আগারগাঁওয়ের সরকারি কর্ম কমিশন (পিএসসি) সচিবালয়ে এ মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। পিএসসির চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক বলেন, মধ্য ডিসেম্বর পর্যন্ত প্রথমভাগের মৌখিক পরীক্ষা চলবে। তারপর দ্বিতীয় ভাগের মৌখিক পরীক্ষা শুরু হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত তৃতীয় আন্তর্জাতিক হেমাটোলজি কনফারেন্সে দেশে প্রায় ৭০ শতাংশ মানুষ কোনো না কোনোভাবে রক্তস্বল্পতার সমস্যায় আক্রান্ত এ তথ্য পরিবেশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

খ. **সমকাল :** সাভারের আশুলিয়ায় কিস্তির সাতশ’ টাকা দিতে না পারায় এক রিকশাচালককে পিটিয়ে হত্যার ঘটনায় নিন্দা জানিয়ে এ ধরনের ঘটনা মানবতার জন্য হুমকি বলে মতপ্রকাশ।

গ. **সংবাদ, সমকাল, প্রথম আলো, ভোরের কাগজ, যুগান্তর, যায়যায়দিন :** হাইকোর্ট পিলখানা হত্যাকাণ্ডের মামলায় ১৩৯ জন বিডিআর জওয়ানের মৃত্যুদণ্ড ও ১৮৫ জনের যাবজ্জীবন বহাল এবং ২০০ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেওয়ায় স্বস্তি প্রকাশ করে রায় দ্রুত কার্যকর হওয়ারপ্রত্যাশা ব্যক্ত।

ঘ. **যুগান্তর :** জেএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডের ইংরেজি প্রথম পত্রের পরীক্ষায় কিছু প্রশ্ন গাইড বই থেকে নেওয়া হয়েছে–এ অভিযোগ আমলে নিয়ে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন :** ঢাকা ও চট্টগ্রামে চুরি, ছিনতাই ও ডাকাতির ঘটনা উদ্বেগজনকভাবে বাড়ায় এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সড়ক-মহাসড়কে চলাচল ও রাস্তাপারাপার নিরাপদ করতে ব্যাপক সচেতনতা গড়ে তোলাসহ ড্রাইভারদের ভালোভাবে পর্যবেক্ষণ করে ড্রাইভিং লাইসেন্স দেওয়া হলে ও ড্রাইভিং লাইসেন্স

প্রদানে স্বচ্ছতা আনা হলে দুর্ঘটনা ৩০ শতাংশ কমে যাবে বলে উল্লেখ করে ট্রাফিক আইন যথাযথভাবে প্রয়োগের সুপারিশ।

ছ. **ডেইলি সান :** সরকার দেশের আইটি সেক্টরের উন্নয়নে বিশ্বের খ্যাতনামা একটি তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে একটি সেন্টার অভ এক্সিলেন্স স্থাপনের উদ্যোগ নিয়েছে–এ সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়ে ডিজিটাল বাংলাদেশ দ্রুত বাস্তবায়নের প্রত্যাশা।

জ. **নিউজ টুডে :** সরকার আরো তিনটি ব্যাংকের লাইসেন্স দিতে যাচ্ছে–এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে বিদ্যমান ব্যাংকগুলোর খেলাপি ঋণ ও আর্থিক অনিয়মের বিষয়টি বিবেচনায় ব্যাংকিং সেক্টরে শৃঙ্খলা ফিরিয়ে আনার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দুর্নীতিমুক্ত রাষ্ট্রব্যবস্থা দেশের উন্নয়ন ধারাকে সুন্দরভাবে এগিয়ে নিতে পারে।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'শিশুশ্রম বন্ধে প্রয়োজন সম্মিলিত উদ্যোগ'** শিরোনামের নিবন্ধে শিশুশ্রম বন্ধে সরকারের পাশাপাশি দেশের সচেতন মহলকে এগিয়ে আসতে হবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৭